

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১৩২.০৬.০১৬.২৩.৩৩৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০
১৪ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্স-এর ১ম সভার ৮.৩ নং সিদ্ধান্ত বাস্তবায়নে স্মার্ট জুডিসিয়ারি উপ-কমিটি গঠন।

সূত্র: নং- ৫৬.০০.০০০০.০৫৮.০৬.০০১.২২.১০৪, তারিখ: ২৪ আগস্ট ২০২৩, তথ্য ও প্রযুক্তি যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্স-এর ১ম সভার ৮.৩ নং সিদ্ধান্ত বাস্তবায়নে নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে স্মার্ট জুডিসিয়ারি উপ-কমিটি গঠন করা হলো:


১.	জনাব আনিসুল হক, এমপি মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	আহ্বায়ক
২.	জনাব মোঃ গোলাম সারওয়ার সচিব, আইন ও বিচার বিভাগ	সদস্য
৩.	জনাব উম্মে কুলসুম যুগ্মসচিব (মতামত), আইন ও বিচার বিভাগ	সদস্য
৪.	জনাব বিকাশ কুমার সাহা যুগ্মসচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ	সদস্য
৫.	জনাব রুনা নাহিদ আকতার সলিসিটর, আইন ও বিচার বিভাগ	সদস্য
৬.	জনাব শেখ গোলাম মাহবুব যুগ্মসচিব (প্রশাসন-২), আইন ও বিচার বিভাগ	সদস্য সচিব
৭.	জনাব শেখ হুমায়ুন কবীর যুগ্মসচিব (বাজেট ও উন্নয়ন), আইন ও বিচার বিভাগ	সদস্য
৮.	জনাব মোহাম্মদ আল মামুন পরিচালক, জাতীয় আইনগত সহায়তা সংস্থা	সদস্য

০২। উপকমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ:

- উপ-কমিটি তার অধিক্ষেত্রে স্মার্ট বাংলাদেশ ২০৪১ বিনির্মাণের সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহ চিহ্নিত করবে;
- চিহ্নিত ক্ষেত্রসমূহের উদ্দেশ্য, সমস্যা, সম্ভাবনা এবং করণীয় নির্ধারণ করবে;
- নিজ অধিক্ষেত্রের বাইরে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, বেসরকারি খাত/সংস্থা এবং শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পর্কযুক্ত (cross-cutting) বিষয়সমূহ চিহ্নিত করবে;
- স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;
- প্রণয়নকৃত কর্মপরিকল্পনার বাস্তবায়ন তদারকি করবে;
- কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি মাসিক ভিত্তিতে স্মার্ট বাংলাদেশ টাঙ্কফোর্সকে অবহিত করবে।

০৩। উপ-কমিটির সভা ত্রৈমাসিক ভিত্তিতে অনুষ্ঠিত হবে। তবে, বিশেষ প্রয়োজনে যে কোনো সময় সভা আয়োজন করতে পারবে।

০৪। উপ-কমিটি প্রয়োজনে অন্য কোনো সদস্য কো-অপ্ট করতে পারবে।



(মোঃ একরামুল হক শামীম)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫১৫২২২

ই-মেইল: section8.justice@gmail.com

কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (মতামত/প্রশাসন-১/প্রশাসন-২/বাজেট ও উন্নয়ন)/সলিসিটর, আইন ও বিচার বিভাগ।
- ৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
- ৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়কে অবগত করার অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ (মাননীয় সচিব মহোদয়কে অবগত করার অনুরোধসহ)।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি।